# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ মৃত্যু, জানাযা, দুআ, যিকর ইত্যাদি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

---

১২. মৃত লাশকে সামনে রেখে উপস্থিতগণকে প্রশ্ন করা

আমাদের দেশে অনেক সময় সালাতুল জানাযা আদায়ের পূর্বে বা পরে মৃতদেহ সামনে রেখে উপস্থিত মুসল্লীগণকে প্রশ্ন করা হয়, লোকটি কেমন ছিল? সকলেই বলেন: ভাল ছিল... ইত্যাদি। এ কর্মটি ভিত্তিহীন ও বানোয়াট। হাদীস শরীফে এরূপ কোনো কর্মের উল্লেখ নেই। হাদীস শরীফে উল্লেখ করা হয়েছে যে, কোনো মৃত ব্যক্তি সম্পর্কে যদি মানুষেরা স্বতঃপ্রণোদিত হয়ে প্রশংসা করেন তবে তা সেই ব্যক্তির জন্য কল্যাণকর বলে গণ্য হবে।[1]

## ফুটনোট

[1] বুখারী, আস-সহীহ ১/৪৬০; মুসলিম, আস-সহীহ ২/৬৫৫।

---

Source — https://www.hadithbd.com/books/link/?id=4981

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন